



খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

প্রশাসন বিভাগ

(সাধারণ শাখা)

<http://khagracharipourashava.gov.bd>

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর-খা:পৌ:কা:/ ৬-০৯

তারিখ: ২০/০৯/২০১৯ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি পৌর ০৫নং ওয়ার্ড ইসলামপুর এলাকায় অবস্থিত 'ইসলামপুর বায়তুল আমান জামে মসজিদে' নিম্নলিখিত পদ সমূহে জনবল নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে সাদা কাগজে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা	বেতন-ভাতা
১.	ইমাম	১ জন	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে কামিল পাস হতে হবে।	আলোচনা সাপেক্ষে
২.	মুয়াজ্জিন	১ জন	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে দাখিল পাস হতে হবে।	আলোচনা সাপেক্ষে

শর্তাবলী:

- ০১। দরখাস্তকারীকে সাদা কাগজে নিম্নোক্ত তথ্যাদি উল্লেখ পূর্বক নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে আবেদন দাখিল করতে হবে।
(ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জন্ম তারিখ (জ) বয়স (০১/০৯/২০১৯ খ্রি. তারিখে বয়স) (ঝ) জাতীয়তা (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে, অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে)
- ০২। দরখাস্তের সঙ্গে নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
 ১. সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি।
 ২. জাতীয় পরিচয় পত্র সত্যায়িত ১ কপি।
 ৩. স্ব স্ব এলাকার ইউ পি/পৌরসভার নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ১ কপি।
 ৪. সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
 ৫. খামের উপর প্রার্থীর পদের নাম লিখিত হবে। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।
 ৬. দরখাস্ত আগামী ০৩/১০/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে ডাকযোগে/সরাসরি প্রেরণ করতে হবে। উক্ত তারিখের পরে ডাক বা অন্য উপায়ে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
 ৭. অসম্পূর্ণ দরখাস্ত ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
 ৮. প্রার্থীকে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।
 ৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ বিধি-বিধানের সংঙ্গে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে।
 ১০. সাক্ষাৎকারের সময় প্রার্থীকে তার সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

(রফিকুল আলম)

মেয়র

খাগড়াছড়ি পৌরসভা

ও

আহ্বায়ক

ইসলামপুর বায়তুল আমান জামে মসজিদ

০৫ নং পৌর ওয়ার্ড, ইসলামপুর,

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

অনুলিপি অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩. পৌর কাউন্সিলরনং পৌর ওয়ার্ড (সকল)/সংরক্ষিত আসন - ১/২/৩ খাগড়াছড়ি পৌরসভা।
৪. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৫. অফিসার ইনচার্জ, খাগড়াছড়ি সদর মডেল থানা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬. সম্পাদক, দৈনিক অরন্যবর্তা, প্রতিনিধি খাগড়াছড়িকে ২৫/৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে ০১ (এক) দিন তাঁর পত্রিকায় প্রকাশ করে পত্রিকার ০৫ কপি এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭. জনাব..... খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮. নোটিশ বোর্ড/অফিস কপি।